কালের কণ্ঠ

তারিখ ... 10 APR 2017
পৃষ্ঠা ...2... কলাম ...2...

### এনএসইউয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# উচ্চশিক্ষার অন্যতম উদ্দেশ্য দক্ষ মানবসম্পদ সৃষ্টি

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'এক দল স্বাধীনতাবিরোধী ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে এ দেশের মেধাবী শিক্ষার্থীদের সন্ত্রাস ও জঙ্গিবাদে জড়ানোর অপচেষ্টায় লিপ্ত রয়েছে। তাদের কুমন্ত্রণায় প্ররোচিত হয়ে বেশ কিছু তরুণ মেধাবী শিক্ষার্থী ইতিমধ্যে বিপথগামী হয়েছে।' এই তরুণ মেধাবীরা যাতে ইসলামের ভুল ব্যাখ্যাদানকারী জঙ্গিদের কবলে পড়ে জীবন ধ্বংস না করে, সেদিকে শিক্ষক-অভিভাবকসহ সবাইকে সজাগ দৃষ্টি রাখতে আহ্বান জানান শিক্ষামন্ত্রী।

গতকাল রবিবার নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০তম সমাবর্তনে মন্ত্রী এসব কথা বলেন। রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় বিশ্ববিদ্যালয়টির নিজস্ব ক্যাম্পাসে এই সমাবর্তন অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তনে দুই হাজার ৬৪২ জন স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এর মধ্যে দুজন শিক্ষার্থী পান চ্যান্সেলর স্বর্ণপদক ও সাতজন পান ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক।

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত মিকাইল হেমনিথি উইন্থার। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। এ ছাড়া বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম ও উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক জি ইউ আহসান। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যরা উপস্থিত ছিলেন। হেলথ ও লাইফ সায়েন্স অনুষদের শিক্ষক অধ্যাপক ড. আব্দুল খালেক মার্শালের দায়িত্ব পালন করেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে, মুনাফার লক্ষ্য নিয়ে চলছে, একাধিক ক্যাম্পাসে পাঠদান করছে, তাদের বিরুদ্ধে নতুন ভর্তি বন্ধসহ আইনি ব্যবস্থা নেওয়া হবে। তবে আমরা চাই না কোনো বিশ্ববিদ্যালয়ই ব্যর্থ হোক। যারা একান্তই আইনের বিধিবিধান মানতে চায় না, তাদের সহযোগিতা দিয়েও টিকিয়ে রাখা সম্ভব নয়। শুধুমাত্র তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা ছাড়া আমাদের হাতে বিকল্প আর কোনো পথ নেই।'

মন্ত্রী বলেন, 'উচ্চশিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো দক্ষ মানবসম্পদ সৃষ্টি। তাই বহুমাত্রিক শিক্ষা কার্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার পরিকল্পনা বিশ্ববিদ্যালয়গুলোর থাকতে হবে। বৈজ্ঞানিক, প্রযুক্তিগত ও তথ্যবিপ্লবের সুযোগ গ্রহণ করে শিক্ষার্থীদের মানবসম্পদে পরিণত করতে হবে।'

ট্রাস্টি বোর্ডের সদস্যদের উদ্দেশে অধ্যাপক আবদুল মান্নান বলেন, 'দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে এনএসইউয়ের অর্জন অসামান্য। শিক্ষাক্ষেত্রে আপনারা পুঁজি বিনিয়োগ করেছেন কোনো লাভের জন্য নয়, মানবসম্পদ উন্নয়নের জন্য। ব্যক্তিগত মুনাফা অর্জনের জন্য বাংলাদেশে অনেক ব্যবসা আছে। শিক্ষাক্ষেত্রে বিনিয়োগ আর মুদি দোকানে বিনিয়োগ এক কথা নয়। জাতি আপনাদের অনেক দিয়েছে, এখন আপনাদেরও জাতিকে কিছু দেওয়ার পালা।'

বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ বলেন, 'আমাদের শিক্ষার্থীরা আজ অনেক জায়গায়ই নেতৃত্ব দিচ্ছে। আজকে যারা সনদ নিচ্ছে তাদের নবীনবরণের সময় এই বিশ্ববিদ্যালয়ের প্রতি আমরা আস্থা রাখতে বলেছিলাম। আমাদের প্রতি আস্থা রাখার ফল তারা পেয়েছে। ভবিষ্যতেও আমাদের বিশ্ববিদ্যালয় এই সাফল্যের ধারা অব্যাহত রাখবে।'